



শেখ হাসিনার রায়কে ঘিরে অরাজকতা সৃষ্টির চেষ্টা হচ্ছে: মিজা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, শেখ হাসিনার মামলার রায় ঘোষণা নিয়ে কিছু মহল দেশে অরাজকতা সৃষ্টির চেষ্টা করছে। তিনি সবাইকে ঐক্যবদ্ধ হয়ে তা প্রতিহত করার আহ্বান জানিয়েছেন।

রোববার (১৬ নভেম্বর) মওলানা ভাসানীর ৪৯তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিএনপি আয়োজিত এক আলোচনা সভায় তিনি বলেন, স্বৈরাচারী সরকারের কার্যক্রম নিয়ে দেশে আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। হতাশা ও অনিশ্চয়তার মধ্যে নির্বাচনের নিশ্চয়তা থাকা সত্ত্বেও কিছু গোষ্ঠী বিভিন্ন দাবির আড়ালে ভোট বিলম্বের চেষ্টা করছে।

ফখরুল আরও বলেন, অন্তর্বর্তী সরকার রাজনৈতিক কাঠামো স্থিতিশীল করার উদ্যোগ নিয়েছে, কিন্তু তা কতটা জনগণের প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ তা এখনও নিশ্চিত নয়। তিনি রাজনৈতিক দলগুলোকে সময় নষ্ট না করে নির্বাচন প্রক্রিয়াকে সমর্থন দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি সতর্ক করেন, নির্বাচিত সরকার না থাকলে দেশের আইনশৃঙ্খলা ও অর্থনৈতিক পরিস্থিতি আরও খারাপ হতে পারে।

LENS ASIA